চেশায়ার (Cheshire) • হ্যালটন (Halton) • ওয়ারিংটন (Warrington)

জাতি বিষয়ক সংগঠন (Race Issues group)

তথ্য পুস্তিকা

জাতিগত বৈষম্য দূর করার জন্য একত্রে কর্মরত

এই পুস্তিকাটি বড় হরফে পাওয়া যায়।

এই পুস্তিকাটি বাংলা ভাষায় পাওয়া যায়।

আমরা কে?

রেস ইস্যুজ গ্রুপ (আর আই জি) একটি বিবিধ কার্যনির্বাহী দল যারা চেশায়ার, হ্যালটন ও ওয়াবিংটনের বিভিন্ন এলাকায় জাতিগত বৈষম্যের বিষয় এবং জাতিগত বৈষম্যমূলক ঘটনাগুলির ব্যাপারে কাজ করে। এই পুস্তিকার পিছনে প্রতিনিধিদের নামের তালিকা পাওয়া যাবে। এই প্রতিনিধিরা জিলা পরিষদ, ঐকিক কর্তৃপক্ষ এবং কাউন্টি কাউন্সিল থেকে আগত। তাঁরা পুলিশ, প্রবেশন, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস ইত্যাদি অপরাধ সংক্রান্ত বিচার সংস্থা (ক্রিমিনাল জাস্টিস এজেন্সি) থেকেও আসেন এবং স্থানীয় রেসিয়াল ইকুয়ালিটি কাউন্সিল-এর (জাতিগত সাম্যতা পরিষদ) ত্রৈমাসিক সভায় উপস্থিত থাকেন।

প্যানেল বা তালিকাভুক্ত এই ব্যক্তিরা কোনো স্বতন্ত্র ঘটনা বিষয়ে কাজ করেন না, সেগুলির বিচার স্থানীয় আদালতে করা হয়। বিভিন্ন সংস্থা জাতিগত বৈষম্যের ঘটনাগুলি বিষয়ে কিভাবে কাজ করছে প্যানেল সেটা সমগ্রভাবে পর্যবেক্ষণ করে।

প্যানেলের উদ্দেশ্য হলো ঃ

• জাতিগত বৈষম্যমূলক ঘটনাগুলি বিষয়ে সকলকে সচেতন করা এবং সে বিষয়ে রিপোর্ট করার জন্য অনুপ্রেরিত করা

• সহযোগীর ভূমিকা গ্রহণ করে জাতিগত বৈষম্যমূলক ঘটনার সংখ্যা হ্রাস করা

• অংশগ্রহণকারি সংস্থাগুলি জাতিগত বৈষম্যমূলক ঘটনার প্রতিকারের জন্য যে কাজকর্ম করছে সেগুলির সমন্বয়সাধনের জন্য একটি কাঠামো প্রস্তুত করা

• ঘটনা এবং সংস্থাগুলির দ্বারা তার প্রতিকার ব্যবস্থা বিষয়ে তথ্য সংগ্রহ করে জাতিগত বৈষম্যমূলক ঘটনার প্রতিকার ব্যবস্থার যৌথ সাফল্যের পর্যবেক্ষণ, মূল্যায়ণ ও পুনরীক্ষণ করা

• জাতিগত বৈষম্যমূলক ঘটনার প্রতিরোধ এবং প্রতিকারের শ্রেষ্ঠ উপায়ের কথা সকলকে জানানো

• জাতিগত বৈষম্যমূলক ঘটনার বিচারের জন্য স্থানীয় আদালত গড়ে তোলা

জাতিগত বৈষম্যমূলক ঘটনার রিপোর্ট পেশ করা

আর আই জি (RIG) ঘটনাগুলি রিপোর্ট করার পর সে বিষয়ে কাজ করার একটি সাধারণ পন্থা প্রস্তুত করার সিদ্ধান্ত নিয়েছে। যাতে যে ব্যক্তি বৈষম্যের শিকার হন তিনি নিশ্চিত হতে পারেন যে তিনি যে কোনো সহযোগী সংস্থায় গিয়ে একই প্রকার সাহায্য পেতে পারেন। স্টিফেন লরেন্স এনকোয়ারি রিপোর্টেও এই সিদ্ধান্ত গ্রহণযোগ্য বলে বিবেচিত হয়েছে।

এই ব্যবস্থার দ্বারা প্রত্যেকটি ঘটনা নথিভুক্ত হওয়ার পর থেকে তার হদিশ রাখা সম্ভব হয় এবং জানা যায় প্রত্যেকটি ঘটনার প্রতিকার করা হচ্ছে কি না এবং সংশ্লিষ্ট সংস্থাটি সঠিক ভাবে কাজ করছে কি না।

জাতিগত বৈষম্যের প্রতিকার ব্যবস্থার সাধারণ পন্থা...

আপনি যখন কোনো সহযোগী সংস্থায় (পার্টনার এজেন্সি) জাতিগত বৈষম্যমূলক ঘটনা রিপোর্ট করতে চাইবেন তখন যে ব্যক্তি আপনার অভিযোগ গ্রহণ করবেন তিনি একটি নির্দিষ্ট ফর্ম পূরণ করবেন। এই ফর্মে অনেকগুলি ব্যক্তিগত তথ্য লিপিবদ্ধ করা হবে তারা আপনার অভিযোগ এবং আপনার বিষয়ে বিস্তারিতভাবে জিজ্ঞাসাবাদ করবেন - যেমন আপনার লিঙ্গ, জাতিগত উৎপত্তি ইত্যাদি। এই তথ্যগুলি আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ, এর দ্বারা আমরা জানতে পারি আমাদের এলাকায় কি ধরণের ঘটনা ঘটছে এবং কার প্রতি।

তারা আপনাকে জিজ্ঞাসা করবে আপনি ঘটনাটি অন্য কোনো সংস্থাকে জানাতে চান কিনা, যারা আপনাকে সাহায্য করতে পারবে। উদাহরণস্বরূপ, আপনি যদি ঘটনাটি পুলিশের কাছে রিপোর্ট করেন, তারা হয়তো আপনার বিষয়ে বিস্তারিত ভাবে রেসিয়াল ইকুয়ালিটি কাউন্সিলকে (জাতিগত সাম্যতা পরিষদ) অথবা স্থানীয় হাউজিং অ্যাসোসিয়েশনকে জানাতে চাইবেন।

জাতিগত বৈষম্যের ঘটনার ক্ষেত্রে কোনো সংস্থার পক্ষে একা কাজ করা সম্ভব নয়। প্রায়শই ঘটনাটি বিভিন্ন দৃষ্টিকোন থেকে দেখা প্রয়োজনীয় হয়, অতএব আপনার সমস্যার সমাধানের জন্য আমরা সকলে যদি একত্রে কাজ করি তাহলে ভালো হয়।

গোপনীয়তা

আপনি যে তথ্যগুলি জানিয়েছেন সেগুলি পরবর্তী আর আইজি (RIG) মিটিং-এ উপস্থাপিত করা হবে। তবে প্রত্যেকটি সংস্থাই তথ্যগুলি অজ্ঞাতভাবে জানাবে - অর্থাৎ এমনভাবে বর্ণনা করা হবে যাতে আপনাকে একজন বিশেষ ব্যক্তিরূপে শনাক্ত না করা যায়।
আপনার অনুমতি ব্যতীত আমরা এমন কোনো তথ্যের আদান প্রদান করব না যার দ্বারা আপনাকে চিহ্নিত করা যায়।

আপনি যখন অভিযোগ জানাবেন সেইসময়ে আপনার সম্মতি থাকলে, বিষয়টি সংগঠনের অন্য সদস্যদের জানানো হবে, আমরা আপনাকে আশ্বাস দিতে পারি ঃ

• তথ্যগুলি শুধুমাত্র ব্যবহৃত হবেঃ

- চেশায়ার, হ্যালিটন ও ওয়ারিংটনে জাতিগত বৈষম্যমূলক ঘটনার বিস্তার পুনরীক্ষণ করায় আমাদের সাহায্য করার জন্য

- ঘটনাটির প্রতিকারে সাহায্যের জন্য

- জাতিগত বৈষম্যের ঘটনা প্রতিরোধ করার উপায় অনুসন্ধানের জন্য

• রেসিয়াল ইস্যুজ গ্রুপের বাইরে তথ্যগুলি প্রচার করা হবে না

• তথ্যগুলি অন্য কোনো কাজে ব্যবহৃত হবে না

সংগঠনটি (গ্রুপ) কিভাবে সাহায্য করবে?

দলবদ্ধ হয়ে কাজ করলে কাজ ভালো হয় - আমরা যদি একত্রিত হয়ে কাজ করি আমরা অনেক বেশী কাজ করতে পারব...

জাতিগত বৈষম্যমূলক ঘটনার সর্বাধিক বিপদজনক স্থানগুলি শনাক্ত করব

যে সব ব্যক্তি বার বার অপরাধ করে তাদের চিনতে পারব

আপনার অভিযোগের সর্বাধিক উপযুক্ত সমাধানের জন্য একত্রে কাজ করতে পারব

অপরাধ হ্রাস করার জন্য অর্থের ব্যবস্থা করব

রেস ইস্যুজ গ্রুপের সহযোগী সংস্থাগুলি - যোগাযোগের বিবরণ

শ্যানটেলি জেনস (Shantele Janes) - 01244 400730
Cheshire Halton & Warrington REC

পল ম্যাথুস (Paul Matthews) - 01244 614549
Cheshire Constabulary

ক্রিস্টিন ইভান্স (Christine Evans) - 01244 394500
National Probation Service - Cheshire

পিটার ফ্রস্ট (Peter Frost) - 01925 425302
Cheshire CPS

সিলিয়া গিবসন (Celia Gibson) - 01244 402281
Chester City Council

ক্যাথি বয়ড (Cathy Boyd) - 01606 867517
Vale Royal BC

মাইকেল চ্যাটউইন (Michael Chatwin) - 01270 763231
Congleton BC

অ্যালান লসন (Alan Lawson) - 01625 504230
Macclesfield BC

পল ড্যানিয়েল (Paul Daniels) - 0151 356 6455
Ellesmere Port & Neston BC

অ্যান টুনিক্লিফ (Anne Tunnicliffe) - 01244 602391
Cheshire County Council

কেভিন জেনস (Kevin Janes) - 01244 603337
Cheshire County Council

ডী ডারউইন (Dee Darwin) - 01270 668647
Crewe & Nantwich BC

মেরিলিন হাউসটন (Marilyn Houston) - 01606 320077
Learning & Skills Council

স্টিভ বেনেট (Steve Bennett) - 01925 442035
Warrington BC

অ্যানডি পওনাল (Andy Pownall) - 0151 424 2061
Halton BC

ডেভ গিল (Dave Gill) - 01606 868432
Cheshire Fire Service

মোরাগ বেইলি (Morag Bailey) - 01244 305529
Chester & District Housing Trust

হানাহ ডেনটন (Hannah Denton) - 01925 445675
Arena Housing